

২৪৯০০

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/ভোলা-২০৭/ ২৬৭০

তারিখঃ ২২/০৮/২০১৭খ্রিঃ

বিষয়ঃ সুস্পষ্ট লিখিত ব্যাখ্যা ও সমর্থনীয় কাগজপত্র বোর্ডে দাখিলকরণ প্রসঙ্গে।

- সূত্রঃ ১) নং- ০৫.১০.০৯৯১.০০০.০২.০০১.১৭-১০৩; তারিখঃ ১৪/০৩/২০১৭খ্রিঃ
২) নং- বামাশিবো/প্রশা/ভোলা-২০৭/১৮৯৯; তারিখঃ ২২/০৮/২০১৬খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ভোলা জেলার তজুমদ্দিন উপজেলাধীন চাঁচড়া ইসলামিয়া দাখিল মাদরাসার ম্যানেজিং কমিটি অনুমোদন প্রদানের জন্য সুপার পরিচয়ে মোঃ সামছুউদ্দিন কাগজপত্রসহ আবেদন করেন। অপরদিকে দাখিলকৃত ম্যানেজিং কমিটি ভূয়া দাবী করে তা বাতিল পূর্বক এডহক কমিটি গঠনের অনুমতি প্রদানের জন্য সুপার দাবীদার মাওলানা আবদুল মতিন একখানা অভিযোগ দাখিল করেন।

একই সময়ে একই প্রতিষ্ঠানে দুইজন ব্যক্তির সুপার পদে দায়িত্ব পালন ও মাদরাসার সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণ করার জন্য সূত্রে উল্লিখিত ২নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, তজুমদ্দিন, ভোলাকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, তজুমদ্দিন, ভোলা সূত্রোক্ত ১নং স্মারকে একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেছেন। প্রতিবেদনে মাওলানা মোঃ সামছুউদ্দিন বর্তমানে সুপার হিসেবে দায়িত্ব পালন করলেও উভয়ের দাখিলকৃত কাগজপত্র ও লিখিত বক্তব্য পর্যালোচনায় এবং গণ্যমান্য ব্যক্তিবর্গের সাক্ষ্য প্রমাণে মাওলানা আবদুল মতিন উল্লিখিত 'চাঁচড়া ইসলামিয়া দাখিল মাদরাসা'র প্রতিষ্ঠাকালীন সুপার ছিলেন মর্মে উল্লেখ করা হয়েছে।

বর্ণিত অবস্থায় চাঁচড়া ইসলামিয়া দাখিল মাদরাসার সুপার হিসেবে কিভাবে আপনি দায়িত্ব পালন করছেন সে বিষয়ে সুস্পষ্ট লিখিত ব্যাখ্যা ও সমর্থনীয় কাগজপত্র আগামী ১০ (দশ) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য তাঁকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

21.08.17

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৯৬১২৮৫৮

স্বাক্ষরঃ মাওলানা আবদুল মতিন, সুপার দাবীদার
চাঁচড়া ইসলামিয়া দাখিল মাদরাসা, তজুমদ্দিন, ভোলা।

নং- বামাশিবো/প্রশা/ভোলা-২০৭/

তারিখঃ /০৮/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :-

১. উপজেলা নির্বাহী অফিসার, তজুমদ্দিন, ভোলা।
২. জেলা শিক্ষা অফিসার, ভোলা।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তজুমদ্দিন, ভোলা।
৪. জনাব মোঃ সামছুউদ্দিন, সুপারদাবীদার, চাঁচড়া ইসলামিয়া দাখিল মাদরাসা, তজুমদ্দিন, ভোলা।
৫. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৯৬৭৪৮৭৪